গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
পাবনা সরকারি মহিলা কলেজ, পাবনা
ফোন : ০২৫৮৮৮-০৫০৮৮
web: www.gwcollegepab.edu.bd Email: mohilacollegepab@yahoo.com

বিজ্ঞপ্তি নম্বর:- সমক/পাব/২৫/ তারিখ : ০৪/০৯/২০২৫ খ্রি.

# বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী কর্তৃক প্রণীত ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় ভর্তিচ্ছু মেধা তালিকায় নির্বাচিত ছাত্রীদের নিম্নবর্ণিত ভর্তি ফি, সেশন ফি ও পরীক্ষা ফি অনলাইনে জমাদানপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র কলেজের ভর্তি কমিটির কর্মকর্তাগণের নিকট অফিসে এসে জমা দেওয়ার জন্য নির্দেশ দেওয়া হলো।

ভর্তির তারিখ : বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা ০৭/০৯/২০২৫ খ্রি. তারিখ থেকে ১৪/০৯/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত।

| | | |
|---|---|---|
| ভর্তি ফি, সেশন ফি ও পরীক্ষা ফি বাবদ অনলাইনে জমা দিতে হবে | বিজ্ঞান | ২,২৫১/- টাকা |
| | মানবিক | ২,১৫১/- টাকা |
| | ব্যবসায় শিক্ষা | ২,১৫১/- টাকা |

প্রয়োজনীয় কাগজপত্র :

১। শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি-এর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও স্কুলের মূল প্রশংসাপত্র।
২। শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি-এর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি ১ কপি।
৩। প্রধান শিক্ষক কর্তৃক প্রদত্ত মূল প্রশংসা পত্রের ফটোকপি ১ কপি।
৪। এস.এস.সি এর রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রের ফটোকপি ১ কপি করে।
৫। পাসপোর্ট সাইজ রঙিন ছবি ৪ কপি।
৬। জন্মসনদের ফটোকপি ১ কপি।
৭। বাবা ও মা উভয়ের (NID) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ১ কপি করে।
৮। পাঠ বিরতি থাকলে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক পাঠ বিরতির প্রত্যয়ন পত্রসহ ফি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা কমিটির নিকট হাতে হাতে জমা দিতে হবে।
৯। মুক্তিযোদ্ধা কোটা ও শিক্ষা কোটার ক্ষেত্রে প্রয়োজনীয় সনদপত্রের মূলকপি ও সত্যায়িত ফটোকপি সঙ্গে আনতে হবে এবং ভর্তি কমিটির নিকট দেখানোর পর অনলাইনে টাকা জমা দিতে হবে।

## একাদশ শ্রেণীর অনলাইন ভর্তি কার্যক্রম

**শিক্ষার্থীরা প্রথমে কলেজে এসে বিভাগ অনুসারে বিজ্ঞান বিভাগ-১০৬ নং কক্ষে, মানবিক বিভাগ-২০১নং কক্ষে ও ব্যবসায় শিক্ষা-৩০২নং কক্ষ থেকে ভর্তির তথ্য ফরম ও পাঠ পরিকল্পনা সংগ্রহ করে নির্দেশনা পাবার পরে অন লাইনে ভর্তি কর্যক্রম শুরু করবে।**

### অনলাইন ভর্তিফরম পূরণ ও পেমেন্ট করার পদ্ধতি

ধাপ-১। কলেজের ওয়েব সাইট (www.gwcollegepab.edu.bd) এ গিয়ে এডমিশন বাটনে ক্লিক করতে হবে।
ধাপ-২। সার্চবক্সে এসএসসির রোল নম্বর লিখে সার্চ করতে হবে। সার্চ করার পর ভর্তির আবেদন ফর্ম আসবে।
ধাপ-৩। আবেদন ফর্ম এর সকল তথ্য সঠিকভাবে পূরণ করে Apply For Admission এ ক্লিক করে আবেদন শেষ করতে হবে।
ধাপ-৪। আবেদন প্রক্রিয়া শেষ করার পর এই ধাপে শিক্ষার্থীদের প্রদত্ত সকল তথ্য ও আবেদনের আইডি দেখাবে। যেখানে সকল তথ্য পুনরায় যাচাই করে নিতে হবে। যদি কোন তথ্য ভুল থাকে তাহলে এডিট বাটনে ক্লিক করে তথ্য আপডেট করা যাবে। ( নোটঃ পেমেন্ট করে দিলে তথ্য আপডেট করা যাবেনা। )
ধাপ-৪। চতুর্থ ধাপে সকল তথ্যযাচাই করা হয়ে গেলে পেমেন্ট বাটনে ক্লিক করে পেমেন্ট গেটওয়ে থেকে পছন্দের পেমেন্ট ম্যাথড সিলেক্ট করে পেমেন্ট সম্পন্ন করতে হবে।
ধাপ-৫। পেমেন্ট করার পর রিভিউ এবং পেমেন্ট অপশনে আবেদন আইডি দিয়ে সার্চ করে পেমেন্ট ইনভয়েস এবং আবেদন ফর্মটি প্রিন্ট করে কলেজে জমা দিতে হবে।

০৪/০৯/২৫

প্রফেসর মোঃ আশরাফ আলী (০১৫৩৯৬)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
পাবনা সরকারি মহিলা কলেজ, পাবনা

প্রফেসর মোঃ আশরাফ আলী (০১৫৩৯৬)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
পাবনা সরকারি মহিলা কলেজ, পাবনা।